

**সোসাইটি রেজিস্ট্রেশন আইন, ১৮৬০**  
**মেমোরেন্ডাম অত এ্যাসোসিয়েশন**  
**সাইমুম শিল্পীগোষ্ঠী**

১. এই সংগঠনের নাম **সাইমুম শিল্পীগোষ্ঠী**।

২. সংগঠনটির নিবন্ধিত কার্যালয় **১০তলা, ১১৫, শহীদ তাজউদ্দীন আহমেদ স্মরণী, মগবাজার, ঢাকা-১২১৭** এ অবস্থিত।

৩. **যে সকল উদ্দেশ্য সাধনকল্পে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়েছে, তা নিম্নরূপ:**

১. জাতীয় সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, তৎসম্পর্কিত গবেষণা পরিচালনা এবং উহার সার্বিক উন্নয়ন সাধন করা।
২. দেশের বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক কর্মকাণ্ডের মধ্যে সমন্বয় সাধন এবং লুপ্তপ্রায় বা বিলীমমান সাংস্কৃতিক ধারার পুনরুজ্জীবনে উদ্যোগ গ্রহণ করা।
৩. ধর্ম, বর্ণ, সম্প্রদায় ও জাতিসত্তা নির্বিশেষে সর্বস্তরের জনগণের মধ্যে সশ্রীতি, সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধ স্থাপন ও উন্নয়নে কার্য পরিচালনা করা।
৪. মানবিক মূল্যবোধ, সভ্যতা, সুস্থ সংস্কৃতি ও বিশ্বশান্তি প্রতিষ্ঠার স্বপক্ষে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভূমিকা পালন এবং যাবতীয় তৎপরতা গ্রহণ করা।
৫. বাংলাদেশের আবহমানকালের সাংস্কৃতিক ধারাকে আন্তর্জাতিক পরিমণ্ডলে সগৌরবে উপস্থাপন করার লক্ষ্যে নিরবচ্ছিন্ন প্রয়াস চালানো।
৬. শিল্পী সমাজের পেশাগত উৎকর্ষ সাধন, উপযুক্ত সামাজিক মর্যাদা প্রতিষ্ঠা এবং তাহাদের ব্যক্তিগত ও সমষ্টিগত ন্যায্য অধিকার ও স্বার্থ সংরক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
৭. দেশে ও বিদেশের সমমনা সাংস্কৃতিক সংগঠনের সহিত সংযোগ স্থাপন, অভিজ্ঞতা বিনিময় এবং যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ করা।
৮. বাংলাদেশের জাতীয় দিবসসমূহ এবং সংগঠনের আদর্শ ও উদ্দেশ্যের সহিত সংগতিপূর্ণ আন্তর্জাতিক দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করিবার জন্য কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।
৯. সংগঠনের সকল কর্মকাণ্ডের মাধ্যমে দেশ ও জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটানো এবং একটি সুখী, সুন্দর ও ন্যায্যভিত্তিক সমাজ গঠনে জনগণকে উদ্বুদ্ধ করা।
১০. শিল্প-সংস্কৃতির বিভিন্ন শাখায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ 'সাইমুম পদক' প্রবর্তন ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
১১. ইসলামী ও মানবিক মূল্যবোধ-ভিত্তিক সংগীত রচনা, সুরারোপ, প্রযোজনা এবং দেশ ও বিদেশে উক্ত সংগীতের প্রচার ও পরিবেশনার ব্যবস্থা গ্রহণ করা।
১২. সামাজিক, ঐতিহাসিক ও জীবনমুখী প্রেক্ষাপটে মঞ্চনাটক রচনা, প্রযোজনা, পরিচালনা ও মঞ্চায়নের উদ্যোগ গ্রহণ করা।
১৩. শিল্প-সংস্কৃতির বিভিন্ন শাখায়, বিশেষত সংগীত, অভিনয়, আবৃত্তি ও উপস্থাপনায়, আগ্রহী শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনারের আয়োজন করা।
১৪. সাহিত্য চর্চাকে উৎসাহিত করিবার লক্ষ্যে সাহিত্য সভা, সেমিনার আয়োজন এবং সাময়িকী, স্মারক গ্রন্থসহ বিভিন্ন সাহিত্যকর্ম প্রকাশের উদ্যোগ গ্রহণ করা।
১৫. শিশু-কিশোরদের সুগুণ প্রতিভা অন্বেষণ ও বিকাশের লক্ষ্যে একটি স্বতন্ত্র বিভাগের অধীনে বিশেষায়িত সাংস্কৃতিক প্রশিক্ষণ ও কার্যক্রম পরিচালনা করা।
১৬. প্রমিত উচ্চারণ, বাচনিক উৎকর্ষতা বৃদ্ধি এবং আবৃত্তি শিল্প চর্চার প্রসারের উদ্দেশ্যে একটি বিশেষায়িত আবৃত্তি বিভাগ পরিচালনা করা।
১৭. সাংস্কৃতিক কর্মকাণ্ডকে মাধ্যম হিসেবে ব্যবহার করিয়া সমাজে ইসলামী ও মানবিক মূল্যবোধের প্রচার ও প্রসারে কার্য সম্পাদন করা।
১৮. সংগীতের ভিজ্যুয়াল রূপায়ণের পাশাপাশি সুস্থ বিনোদনমূলক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র এবং অন্যান্য দৃশ্যমান উপকরণ নির্মাণ ও প্রযোজনার ব্যবস্থা করা।
১৯. ইসলামী শিল্পকলার অবিচ্ছেদ্য অংশ হিসেবে ক্যালিগ্রাফি ও টাইপোগ্রাফি শিল্পের চর্চা, প্রশিক্ষণ ও এতদসংক্রান্ত প্রতিযোগিতা আয়োজন করা।
২০. জাতীয় ও ধর্মীয় উৎসবসমূহ এবং বিশেষ প্রেক্ষাপটকে কেন্দ্র করে সাংস্কৃতিক উৎসব, অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা।
২১. বিভিন্ন সামাজিক আন্দোলন এবং জাতীয় ও আন্তর্জাতিক মানবিক সংকটকালে সাংস্কৃতিক কর্মসূচির মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি ও সংহতি প্রকাশ করা।

৪. সংগঠনের আয়, তা যেভাবেই অর্জিত হোক না কেন, তার সদস্যদের মধ্যে লভ্যাংশ বা মুনাফা হিসাবে বিতরণ করা হবে না। এই সংগঠনের নিজস্ব ফান্ডে জমা থাকবে এবং সংগঠনের প্রয়োজনে খরচ করা হবে।

৫. সংগঠনটির বিলুপ্তির ক্ষেত্রে, উদ্ধৃত আয় (যদি থাকে) তার সদস্যদের মধ্যে বিতরণ করা হবে না, বরং তা আয়কর আইনের ১৫(ঘ) ধারার অধীনে অব্যাহতিপ্রাপ্ত একই বা অনুরূপ উদ্দেশ্য রয়েছে এমন অন্য কোনো সংগঠনকে হস্তান্তর করা হবে।

৬. পরিচালনা পর্ষদের সদস্যদের নাম, ঠিকানা এবং পেশা।

ক্রমিক	নাম	ঠিকানা	পেশা
১.			
২.			
৩.			
৪.			
৫.			
৬.			
৭.			

৭. সাধারণ সদস্যদের নাম, ঠিকানা এবং পেশা।

ক্রমিক	নাম	ঠিকানা	পেশা
১.			
২.			
৩.			
৪.			
৫.			
৬.			
৭.			
৮.			
৯.			
১০.			
১১.			
১২.			
১৩.			
১৪.			
১৫.			
১৬.			
১৭.			
১৮.			
১৯.			